১৩৭

দৈনিক বাংলা

তারিখ 13 MAY 1997
পৃষ্ঠা ৩ কলাম ৫

# এইচএসসি ঃ বাংলা পরীক্ষায় ৩ বোর্ডে ১৮৮৬ বহিষ্কৃত

**ষ্টাফ রিপোর্টার ঃ** এইচএসসি পরীক্ষার তৃতীয় দিনে সোমবার ঢাকা, রাজশাহী ও কুমিল্লা বোর্ডে ১৮৮৬ জন পরীক্ষার্থীকে নকল করার অভিযোগে বহিষ্কার করা হয়েছে। পটুয়াখালী বিশ্ববিদ্যালয় কলেজে

(৮–এর পৃঃ ৮–এর কঃ দ্রঃ)

## এইচএসসি ঃ বাংলা

(প্রথম পৃষ্ঠার পর)

নকল ধরাকে কেন্দ্র করে পরীক্ষার্থী ও বহিরাগতরা কলেজে হামলা চালায় এবং ভাংচুর করে। এখানে পুলিশের সঙ্গে পরীক্ষার্থী ও বহিরাগতদের সংঘর্ষে দু'জন পুলিশ, সাতজন পরীক্ষার্থীসহ কমপক্ষে ১৫ জন আহত হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য পুলিশ রাবার বুলেট নিক্ষেপ করে। সোমবার ছিল বাংলা প্রথম পত্রের পরীক্ষা।

এইচএসসি পরীক্ষার তৃতীয় দিনে ঢাকা বোর্ডে নকল করার অভিযোগে ৭০০ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। জেলা-ওয়ারী বহিষ্কৃতের সংখ্যা হচ্ছে নারায়ণগঞ্জ ৩৭, মুন্সীগঞ্জে ১৬, মানিকগঞ্জে ২৩, টাঙ্গাইলে ১০১, ময়মনসিংহে ৫১, জামালপুরে ৫১, শেরপুরে ৩৫, নেত্রকোনায় ২০৭, ফরিদপুরে ৭৫, রাজবাড়িতে ১৫, মাদারীপুরে ৮১ এবং শরীয়তপুরে ৮ জন। এছাড়া নারায়ণগঞ্জ জেলায় একজন পরিদর্শককে বহিষ্কারের খবর পাওয়া গেছে।

রাজশাহী বোর্ডে এইচএসসি পরীক্ষার তৃতীয় দিনে ৯৫১ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। জেলা ওয়ারী বহিষ্কৃতদের সংখ্যা হচ্ছে দিনাজপুরে ৪৫০, চাঁপাইনবাবগঞ্জে ৩২, নওগাঁয় ১০৬, রংপুরে ১৭৫, গাইবান্ধায় ৯৪ এবং নীলফামারীতে ৯৪ জন।

কুমিল্লা থেকে নিজস্ব সংবাদদাতা জানান, এইচএসসি পরীক্ষার তৃতীয় দিনে বাংলা প্রথম পত্রের পরীক্ষায় নকল করার অভিযোগে কুমিল্লা শিক্ষা বোর্ডের ৬টি জেলায় সোমবার ২৩৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। জেলাওয়ারী বহিষ্কৃতের সংখ্যা হচ্ছে কুমিল্লায় ৩৯, চাঁদপুরে ৫৩, ব্রাহ্মণবাড়িয়ায় ৬২, হবিগঞ্জে ২০, ফেনীতে ৩৬ এবং নোয়াখালীতে ২৫।

পটুয়াখালী থেকে সংবাদদাতা জানান, সোমবার পটুয়াখালী বিশ্ববিদ্যালয় কলেজ পরীক্ষা কেন্দ্রে একজন পরীক্ষার্থীকে বহিষ্কার করাকে কেন্দ্র করে বহিরাগত, পরীক্ষার্থী ও পুলিশের মধ্যে সংঘর্ষে দু'জন পুলিশ ও সাতজন পরীক্ষার্থীসহ মোট ১৫ ব্যক্তি আহত হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য পুলিশ রাবার বুলেট ছোঁড়ে। বহিরাগতরা বিশ্ববিদ্যালয় কলেজে হামলা চালিয়ে ভাংচুর করে।